

# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০০

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْلاَّوَّلُ

### আরবী

وَعَنْ مُعَاوِيَةً قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ يُرِدِ اللَّهُ بِهِ خَيْرًا يُفَقِّهْهُ فِي الدِّينِ وَإِنَّمَا أَنَا قَاسِمٌ وَاللَّهِ يُعْطِي»

### বাংলা

২০০-[৩] মু'আবিয়াহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা যার কল্যাণ কামনা করেন, কল্যাণ চান, তাকে দীনের সঠিক জ্ঞান দান করেন। বস্তুত আমি শুধু বন্টনকারী। আর আল্লাহ তা'আলা আমাকে দান করেন। (বুখারী ও মুসলিম)[1]

লাল মার্ক করা অংশের অনুবাদে সঠিক না হবার কারনে তা সংশোধন করা হল। - হাদিসবিডি এডমিন

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৩১২, মুসলিম ১০৩৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক ওয়াহীর জ্ঞান বিতরণ করা কোন ব্যক্তি বিশেষকে কেন্দ্র করে নয়; তথাপিও ওয়াহীর জ্ঞান বুঝার ক্ষেত্রে মানুষের মধ্যে ভিন্নতা দেখতে পাওয়া যায়। তার কারণ আল্লাহ প্রত্যেককে তাদের তারুদীর অনুপাতে 'ইলম দান করে থাকেন।

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবন আবু সুফিয়ান (রাঃ)



 $\textit{\textbf{\textit{G}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 54759$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন